

তারিখ: ০২/০৭/২০২৬ খ্রি.

২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে আগ্রহী প্রার্থীকে অন-লাইনে (www.nu.ac.bd/admissions) আবেদন ফরম প্রিন্ট করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। আবেদন করার সময়সীমা:

- (ক) অন-লাইনে আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের সময় : ০১/০৭/২০২৬ হতে ১৯/০৭/২০২৬ খ্রি.
(খ) আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদানের তারিখ : ১৪/০৭/২০২৬ হতে ১৯/০৭/২০২৬ খ্রি.

২। প্রাথমিক আবেদন ফি জমাদান:

- শিক্ষার্থীকে আগামী ০২/০৭/২০২৬ হতে ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name & Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, ইনকোর্স পরীক্ষা ফি ও অন্যান্য ফি সহ সর্বমোট ৩১৪৫/- (তিন হাজার একশত পঁয়তাল্লিশ) টাকা পরিশোধ করতে হবে। User Name: rangamatistudent, Password: rangamatistudent
(ক) Apply for Application Form click, Select Group Admission Masters & NU Admission Roll, Student Roll, Mobile Number এন্ট্রি দিয়ে Submit করতে হবে।
(খ) Pay Through Sonali Pay অপশনে গিয়ে Session 2023 এবং Class Roll/Admission Roll/NU Admission Roll এন্ট্রি দিতে হবে।
(গ) তারপর Connect Sonali Pay Click করতে হবে।
(গ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print Click করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip Download করে প্রিন্ট নিতে হবে।

৩। আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ থেকে ২০২৩ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
(গ) কারাবন্দীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে উত্তম আচরণের প্রত্যয়নপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
(ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ প্রমাণিত হলে রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৪। আবেদনকারীর প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Master Private) ক্লিক করে প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
(গ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে মাস্টার্স কার্যক্রমে বর্তমানে আমি অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

- (ঘ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।

- (ঙ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।
৫। অনুমোদিত বিষয়সমূহ: ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লেখ্য যে, বিষয় নির্বাচনের ক্ষেত্রে- স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে পঠিত বিষয় অবশ্যই হতে হবে। ২০২৪ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের সিলেবাস অনুসারে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

৭। কাগজপত্রাদি জমা দিতে হবে:

- (ক) স্নাতক (সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১ কপি।
(খ) দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি - ১ কপি

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
২। প্রশাসনিক শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
৪। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা